

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারী ১৮, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য ও পশুসম্পদ মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ই ফেব্রুয়ারী, ১৯৯৩/৪ঠা ফাল্গুন, ১৩৯৯

এস, আর, ও, নং-৪০-আইন/৯৩-চিংড়ী চাষ অভিবন্ধ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৫৩নং আইন) এর ধারা ৯এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :-

চিংড়ী চাষ অভিবন্ধ বিধিমালা, ১৯৯৩

১। সংক্ষিপ্ত শিরোনাম-এই বিধিমালা চিংড়ী চাষ অভিবন্ধ বিধিমালা, ১৯৯৩ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা-বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমানার,-

(ক) "আইন" অর্থ চিংড়ী চাষ অভিবন্ধ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৫৩নং আইন)।

(খ) "ধারা" অর্থ আইনের ধারা।

(গ) "কর" অর্থ এই বিধিমানার সহিত সংযোজিত করম।

৩। অভিকর আরোপের অভিপ্ৰায়ের বিরুদ্ধে আপত্তি।—কোন প্রজ্ঞাপিত এলাকায় অভিকর আরোপ করার অভিপ্ৰায় ঘোষণা করা হইলে, উক্ত এলাকায় কোন জমিতে স্বার্থ আছে এইরূপ কোন ব্যক্তি তাহার জমিতে অভিকর আরোপের বিরুদ্ধে আপত্তি উত্থাপন করিতে চাহিলে তিনি, ধারা ৪(২) এ উল্লিখিত সময়ের মধ্যে পানি উন্নয়ন বোর্ড এর সংশ্লিষ্ট প্রজ্ঞাপিত এলাকায় তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট ফরম-‘ক’ তে আপত্তি উত্থাপন করিতে পারিবেন।

৪। প্রাথমিক অভিকর নির্ধারণ।—ধারা ৪(৩) (খ) এর অধীন অভিকর আরোপ করার প্রজ্ঞাপন জারীর পর পানি উন্নয়ন বোর্ড এর সংশ্লিষ্ট প্রজ্ঞাপিত এলাকায় নির্বাহী প্রকৌশলী ও অতঃপর নির্বাহী প্রকৌশলী বনিয়া উল্লিখিত, উক্ত প্রজ্ঞাপিত এলাকায় জমির প্রাথমিক অভিকর নির্ধারণ করিবেন।

৫। নির্ধারিত অভিকর পরিশোধের নোটিশ।—নির্বাহী প্রকৌশলী চূড়ান্তভাবে নির্ধারিত অভিকর পরিশোধ করার জন্য ফরম ‘খ’ অনুযায়ী জমির মালিকের উপর নোটিশ জারী করিবেন এবং জমির মালিক নোটিশ প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে ধার্যকৃত অভিকর পরিশোধ করিবেন।

৬। অভিকর আদায়, ইত্যাদি।—(১) এই বিধিমালার অধীনে ধার্যকৃত এবং বিধি ৫ এর অধীন নোটিশকৃত অভিকর “৫৩ ইরিগেশন, নেভিগেশন” খাতে বাংলাদেশ ব্যাংক, ট্রেজারী বা সাব-ট্রেজারীতে জমা দিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন জমা গ্রহণকারী ব্যাংক, ট্রেজারী বা সাব-ট্রেজারী জমার চালানের একটি রশিদ জমাদানকারী ব্যক্তিকে দিবে এবং অন্য একটি রশিদ জমা গ্রহণের সাথে সাথে নির্বাহী প্রকৌশলীর নিকট পাঠাইয়া দিবে।

(৩) উপ-ধারা (১) এর অধীন জমাকৃত অভিকর প্রদানের চালানের মূল কপি জমাদানকারী ব্যক্তি কর্তৃক নির্বাহী প্রকৌশলীর নিকট, অনতিবিলম্বে, জমা করিতে হইবে।

(৪) নির্বাহী প্রকৌশলী কর্তৃক জারীকৃত নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে ধার্যকৃত অভিকর পরিশোধ করা হইলে, জমির মালিক উহার উপর ১০% হারে রিবেট পাওয়ার অধিকারী হইবেন এবং উক্ত সময়সীমার মধ্যে অভিকর প্রদানে জমির মালিক ব্যর্থ হইলে অপরিশোধিত অভিকরের উপর ১৫% হারে বাৎসরিক সুদ প্রদানে তিনি বাধ্য থাকিবেন।

ফরম-'ক'

(অভিকর আরোপের বিরুদ্ধে আপত্তি)

(বিধি-৩ দ্রষ্টব্য)

প্রতি,

তত্ত্বাবধায়ক প্রবেশলী,
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড,

_____।

চিংড়ি চাষ অভিকর আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৫৩ নং আইন) এর ধারা ৪(১) এর অধীন জারীকৃত প্রজ্ঞাপন নং _____ তারিখ _____ এর মাধ্যমে অভিকর আরোপ করার যে অভিপ্রায় ঘোষণা করা হইয়াছে সেই প্রজ্ঞাপনে উল্লিখিত নিম্ন তফসিল ভুক্ত জমি নিম্নবর্ণিত কারণে প্রজ্ঞাপিত এলাকার অন্তর্ভুক্ত হইতে পারে না, যথা :-

- (১) _____
- (২) _____
- (৩) _____

অতএব, উক্ত প্রজ্ঞাপন হইতে নিম্ন তফসিলভুক্ত জমি বাদ দেওয়ার জন্য আপনাকে সর্বিনয়ে অনুরোধ করা যাইতেছে।

তফসিল

ক্রমিক নং	খানার নাম	ইউনিয়ন ও মৌজার নাম	জে, এল, নম্বর ও দাগ নম্বর	জমির পরিমাণ
				খতিয়ান নম্বর

তারিখ _____।
বাং
ইং

নাম _____
পিতা/স্বামীর নাম _____
গ্রাম _____, ডাকঘর _____
থানা _____, জিলা _____।

ফরম-‘খ’

(অভিকর পরিশোধের নোটিশ)

(বিধি-৫ দ্রষ্টব্য)

নং _____

তারিখ _____
বাং
ইং

যেহেতু নিম্ন তফসিলভুক্ত জমির উপর চিংড়ি চাষ অভিকর আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৫৩ নং আইন) এর অধীন অভিকর আরোপ করা হইয়াছে ;

এবং যেহেতু হেক্টর প্রতি বাৎসরিক টাকা _____ অভিকর ধার্য, করা হইয়াছে ;

এবং যেহেতু _____ সনের জন্য উক্ত জমির অভিকর হিসাবে _____ টাকা আপনাকে পরিশোধ করিতে হইবে ;

অতএব, সেহেতু ধার্যকৃত অভিকর এই নোটিশ প্রাপ্তির _____ দিনের মধ্যে “৫৩-ইরিগেশন, নেভিগেশন” খাতে বাংলাদেশ ব্যাংক, ট্রেজারী বা সাব-ট্রেজারীতে প্রদান করার জন্য আপনাকে নির্দেশ দেওয়া যাইতেছে ;

উক্ত তারিখের মধ্যে সম্পূর্ণ অভিকর প্রদান করিলে আপনি উহার উপর ১০% হারে রিবেট পাওয়ার অধিকারী হইবেন এবং পরিশোধ না করিলে অপরিশোধিত অভিকরের উপর ১৫% হারে সুদ প্রদেয় হইবে।

তফসিল

জমির বিবরণ

ক্রমিক নং থানার নাম ইউনিয়ন ও মৌজার জে,এল, নম্বর ও দাগ নম্বর জমির পরিমাণ
নাম খতিয়ান নম্বর

নির্বাহী প্রকৌশলী

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, জেড, এম, নাহিরুদ্দিন

সচিব।

বদিউর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মৃদুিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
জেলাপত্রী, ঢাকা কর্তৃক প্রকাশিত।